যুগান্তর

তারিখ 24 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# ঢাবিতে 'ক্যাম্পাস থ্রিজি ডে' পালিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

শিক্ষার্থীদের মধ্যে তথ্যপ্রযুক্তির জ্ঞান বৃদ্ধি ও প্রযুক্তিনির্ভর ক্যাম্পাস গঠনের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পালিত হল ক্যাম্পাস থ্রিজি ডে। শনিবার বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে দিনব্যাপী এ অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (ডিইউআইটিএস)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আআমস আরেফিন সিদ্দীক। উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন অ্যান্ড ফিল্ম স্টাডিজ বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এজেডএম শফিউল আলম ভূঁইয়া, রবি আজিয়াটা লিমিটেডের চিফ অপারেটিং অফিসার মাহতাব উদ্দীন, এরিকসন বাংলাদেশের ভাইস প্রেসিডেন্ট (কী অ্যাকাউন্টস) রাশেদ হক, ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সভাপতি আবদুল্লাহ আল ইমরান, ডিইউআইটিএসের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আরিফ দেওয়ান, বর্তমান সাধারণ সম্পাদক মাফরুহ উর রহমান ফারুকী প্রমুখ। দিনব্যাপী অনুষ্ঠানে থ্রিজি টেকনোলজি নিয়ে সেমিনার, কর্মশালা, কুইজ প্রতিযোগিতা এবং কনসার্ট ফর আইসিটিসহ নানা অনুষ্ঠানের আয়োজন ছিল। বেলা ১১টায় শুরু হয়ে এই অনুষ্ঠান চলে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত। বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।